সংপ্রাপ্য তর্জ্জনসুধাং সুখিতা ভবানি ॥ ২ ॥

হে বৃন্দাবনেশ্বরি! হে বয়ো-গুণ-রূপ-লীলা-সৌভাগ্য-কেলি-করুণা-সমুদ্র! সখীজনপরিবেষ্টিত (যে আপনি) আপনার নিকট আমি এই যাচ্ঞা করি যে, আপনার দাসী হইয়া কৃষ্ণের সহিত আপনাকে সেবাদ্বারা যেন সুখ দিতে পারি ॥ ১ ॥

আমি আপনাকে সাজাইব এবং অভিসার করাইব। আপনি কান্তবদন দেখিয়া একটু ফিরিয়া দাঁড়াইলে আপনার অঞ্চল ধরিয়া আমি আপনাকে কৃষ্ণের নিকট আনিব। আপনি তৎকালে যে তর্জ্জনসুধা বর্ষণ করিবেন, তাহা লাভ করিয়া আমি আনন্দিত হইব ॥ ২ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitization by eGangotri

পাদে নিপত্য শিরসানুনয়ানি রুষ্টাং
তং প্রত্যপাঙ্গ-কলিকামপি চালয়ানি।
ত্বদ্দোর্দ্বয়েন সহসা পরিরম্ভয়াণি
রোমাঞ্চকঞ্চুকবতীমবলোকয়ানি ॥ ৩ ॥
প্রাণপ্রিয়ে কুসুম-তল্পমলঙ্কুরু ত্ব-
মিত্যচ্যুতোক্তি-মকরন্দরসং ধয়ানি।
মা মুঞ্চ মাধব সতীমিতি গদ্গদার্দ্র-
বাচা তবেত্য নিকটং হরিমাক্ষিপাণি ॥ ৪ ॥
বামামুদস্য নিজবক্ষসি তেন রুদ্ধা-
মানন্দ-বাষ্প-তিমিতাং মুহুরুচ্ছলন্তীম্।

আপনি রুষ্টা হইলে আপনার পাদপদ্মে মস্তক দিয়া আমি অনুনয় করিতে থাকিব। কৃষ্ণের প্রতি আপনার অপাঙ্গকলিকা চালন করাইব। সহসা আপনার হস্তদ্বয় দ্বারা পরিরম্ভণ করাইব। সেই সময় আপনি রোমাঞ্চকঞ্চুকবতী হইবেন, আমি তাহা দেখিতে থাকিব ॥ ৩ ॥

কৃষ্ণ বলিবেন, হে প্রাণপ্রিয়ে, তুমি এই কুসুমতল্প অলঙ্কৃত কর। এই কৃষ্ণোক্তিমকরন্দরস আমি আস্বাদন করিব এবং গদ্গদার্দ্র বাক্যের সহিত, হে মাধব তুমি এই সতীকে ছাড়িও না বলিয়া কৃষ্ণকে আপনার নিকট আক্ষিপ্ত করিব ॥ ৪ ॥

কৃষ্ণ-কর্ত্তৃক আপনি তদ্বক্ষে রুদ্ধ হইলে বামাস্বভাবে আনন্দ-ঘর্ম্মবাষ্প মুহুর্মুহু উচ্ছলিত করিবেন। আপনার অলকা বিপ-

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain. Digitization by eGangotri

ব্যস্তালকাং স্খলিতবেণিমবদ্ধনীবীং
ত্বাং বীক্ষ্য সাধুজনুরেব কৃতার্থয়ানি ॥ ৫ ॥

(৬)নিকুঞ্জলীলা —

তল্পে ময়ৈব রচিতে বহুশিল্পভাজি
পৌষ্পে নিবেশ্য ভবতীং ন ন নেতিবাচম্।
কৃষ্ণং সুখেন রময়ন্তমনন্তলীলং
বাতায়নান্তনয়নৈব নিভালয়ানি ॥ ৬ ॥
স্থিত্বা বহির্ব্যজন-যন্ত্র-নিবদ্ধ-ডোরী-
পাণির্বিকর্ষণবশান্মৃদু বীজয়ানি।
উত্তুঙ্গ-কেলি-কলিত-শ্রমবিন্দু-জাল-
মালোপয়ানি মনিতৈঃ স্মিতমাহরাণি ॥ ৭ ॥

ব্যস্ত হইবে, বেণী স্খলিত হইবে, নীবি অবদ্ধ হইয়া পড়িবে। আপনাকে সেই অবস্থায় দেখিয়া আমার জন্ম সম্যক্ রূপে কৃতার্থ করিয়া মানিব ॥ ৫ ॥

নিকুঞ্জলীলা

আপনি না না না এইরূপ বলিতে থাকিলেও আমাকর্তৃক রচিত নানা-শিল্পসম্পন্ন পুষ্পশয্যায় আপনাকে নিবেশিত করিয়া রমমাণ শ্রীকৃষ্ণকে বাতায়নে নয়ন অর্পণ পূর্ব্বক দর্শন করিব ॥ ৬ ॥

বাহিরে বসিয়া বীজনযন্ত্রডোরী ধরিয়া মৃদু মৃদু টানিতে থাকিব। আপনাদের উত্তুঙ্গ-কেলিজনিত শ্রম-বিন্দু সকল ক্রমে ক্রমে অপনয়ন করিব এবং আপনাদের কূজিত হাস্য সংগ্রহ করিব ॥ ৭ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain. Digitization by eGangotri

শ্রীরূপমঞ্জরিমুখ-প্রিয়কিঙ্করীণা-
মাদেশমেব সততং শিরসা বহানি।
তেনৈব হন্ত তুলসীপরমানুকম্পা-
পাত্রী বিধানি করবাণি সুখেন সেবাম্॥ ৮॥
মাল্যাদি-হারকটকাদ্রিমৃজী-বিচিত্র-
বর্ত্তী-সিতাংশু-ঘুসৃণাগুরুচন্দনাদি।
বীটী-লবঙ্গ-খপুরাদি-যুতা সখীভিঃ
সার্দ্ধং মুদা বিরচয়ানি কলাপ্রকাশম্॥ ৯॥
ত্বাং স্রস্তবেশবসনাভরণাং সকান্তাং
বীক্ষ্য প্রসাধনবিধৌ দ্রুতমুদ্যতাভিঃ।
শ্রীরূপরঙ্গতুলসীরতিমঞ্জরীভি-
র্দিষ্টানয়ানি তব সম্মুখমেব তানি॥ ১০॥

শ্রীরূপমঞ্জরীপ্রভৃতি প্রিয়কিঙ্করীদিগের আদেশ আমি মস্তকে বহন করিব। তদ্দ্বারা তুলসীর পরমানুকম্পার পাত্রী হইয়া সুখে সেবা করিব॥ ৮॥

মাল্যাদি, হারকটকাদিমার্জ্জনী, বিচিত্রবর্ত্তী, শ্রীকর্পূর, কুম্কুম্, অগুরুচন্দনাদি, বীটী, লবঙ্গ, সুপারি প্রভৃতি লইয়া সখীদিগের সহিত পরমানন্দে কলাপ্রকাশ রচনা করিব॥ ৯॥

আপনাকে কান্তের সহিত স্রস্তবেশবসনা ও বিস্রস্তাভরণা দেখিয়া সেই সমস্ত পুনরায় সজ্জীভূত করিবার জন্য শ্রীরূপ, রঙ্গ, তুলসী, রতিমঞ্জরী প্রভৃতি সখীদিগের দ্বারা আদিষ্ট হইয়া পূর্ব্বোক্ত কলারচনা-সকল আপনার নিকট আনয়ন করিব॥ ১০॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain. Digitization by eGangotri

ত্বামাশিখাচরণমূঢ়বিচিত্রবেশাং
স্প্রষ্টুং পুনশ্চ ধৃততৃষ্ণমবেক্ষ্য কৃষ্ণম্।
আয়ান্তমেব বিকটভ্রূকুটী-বিভঙ্গ-
হুঙ্কৃত্যুদঞ্চিতমুখী বিনিবর্ত্তয়ানি ॥ ১১ ॥
তত্রেত্য বিস্ময়বতীং ললিতাং যদাহ
সাধ্বীত্ব-কণ্টকবিনিক্রমণায় দেব্যাঃ।
বৃত্তং ন্যষেধদয়ি মামিয়মেব ধূর্ত্তে-
ত্যুক্ত্যা হরেঃ স্বহৃদয়ং রসয়ানি নিত্যম্ ॥১২॥
নিষ্ক্রম্য কুঞ্জভবনাদ্বিপিনে বিহর্ত্তুং
কান্তৈকবাহু-পরিরব্ধতনুং প্রয়ান্তীং।

আপনাকে শিখা হইতে চরণ-পর্য্যন্ত বিচিত্র বেশযুক্ত দেখিয়া সতৃষ্ণ কৃষ্ণ পুনরায় স্পর্শ করিবার জন্য আসিতেছেন দৃষ্টি করিয়া বিকটভ্রূকুটীবিভঙ্গহুংকৃতিসহকারে উদঞ্চিতমুখী হইয়া আমি তাঁহাকে নিবারণ করিব ॥ ১১ ॥

বিলাস-বিস্রস্তবেশ রাধাকৃষ্ণকে পরিহাসার্থ সমাগত ললিতা, রাধিকার বেশভূষার কোন বিপর্য্যয় না দেখিয়া অঙ্গসঙ্গাভাব সম্ভাবনায় বিস্ময়বতী হইলে শ্রীকৃষ্ণ কহিবেন, "অয়ি ললিতে! আমি রাধিকাদেবীর সাধ্বীত্ব-কণ্টক-বিনিক্রমণার্থ প্রবৃত্ত হইয়াছিলাম, কিন্তু (অঙ্গুলিদ্বারা আমাকে দেখাইয়া) এই ধূর্ত্তা আমাকে নিবারণ করিয়াছে।" কৃষ্ণের এই উক্তি দ্বারা স্বহৃদয়কে নিত্য রসিত করিব ॥ ১২ ॥

আপনি কান্তের একটি বাহু পরিরব্ধ পূর্ব্বক বিপিন-

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ত্বামালিভিঃ সহ কথোপকথা-প্রফুল্ল-
বক্ত্রামহং ব্যজনপাণিরনুপ্রয়াণি ॥ ১৩ ॥

গায়ানি তে গুণগণাংস্তব বর্ত্মগম্যং
পুষ্পাস্তরৈর্ম্মৃদুলয়ানি সুগন্ধয়ানি।
সালীততিঃ প্রতিপদং সুমনোভিবৃষ্টীঃ
স্বামিন্যহং প্রতিদিশং তনবানি বাঢ়ম্॥ ১৪ ॥

প্রেষ্ঠস্বপাণিকৃতকৌসুমহারকাঞ্চী-
কেয়ূরকুণ্ডলকিরীটবিরাজিতাঙ্গীম্।
ত্বাং ভূষয়াণি পুনরাত্মকবিত্বপুষ্পৈ-
রাস্বাদয়ানি রসিকালিততীরিমানি ॥ ১৫ ॥

বিহারের জন্য বাহির হইবেন, সেই সময়ে আপনার সখীদিগের সহিত কথোপকথন ক্রমে প্রফুল্লবক্ত্রা হইবেন, আমিও ব্যজনহস্ত হইয়া আপনার পশ্চাৎ পশ্চাৎ গমন করিতে থাকিব ॥ ১৩ ॥

হে স্বামিনি! আমি আপনার গুণসকল গান করিতে করিতে পুষ্পাস্তর দ্বারা আপনার গমনপথ মৃদুল ও সুগন্ধ করিব। আপনি আলিগণসহ যত চলিতে থাকিবেন প্রতিপদে পুষ্পবৃষ্টি দ্বারা প্রতি দিকের আনন্দবৃদ্ধি করিব ॥ ১৪ ॥

কৃষ্ণের স্বহস্ত-দ্বারা প্রস্তুত কুসুমহার-কাঞ্চী-কেয়ূরকুণ্ডল-কিরীটবিরাজিত আপনাকে স্বীয় কবিত্ব-পুষ্প-দ্বারা আমি ভূষিত করিব এবং এই সমস্ত কবিত্বরসিক সহচরীগণকে আস্বাদন করাইব ॥ ১৫ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitization by eGangotri

চন্দ্রাংশুরূপ্যসলিলৈরবসিক্তরোধ
স্যুঞ্চৎ-কদম্ব-সুরভাবলিগীতকীর্ত্তি।
আরব্ধরাসরভসাং হরিণা সহ ত্বাং
ত্বৎপাঠিতৈব বিদুষী কলয়ানি বীণাম্‌॥ ১৬॥
রাসং সমাপ্য দয়িতেন সমং সখীভি—
র্বিশ্রান্তিভাজি নবমালতিকা-নিকুঞ্জে।
ত্বয্যানয়ামি রসবিৎ * করকাম্ররম্ভা-
দ্রাক্ষাদিকানি সরসং পরিবেশয়ানি॥ ১৭॥
তল্পে সরোজদলকৢপ্ত মনঙ্গকেলি-
পর্য্যাপ্তমাপ্তকলয়া রচিতে তুলস্যা।

রজতছ্যতিজ্যোৎস্না-সলিলের দ্বারা অবসিক্ত এবং কদম্বসুরভিযুক্ত পুলিনে অলিগীতকীর্ত্তি আপনি শ্রীহরির সহিত যখন রাসক্রীড়া আরম্ভ করিবেন, তখন আপনার পাঠিত বীণাশিক্ষিতা আমি, বীণা-বাদন করিব॥ ১৬॥

রাস সমাপন করিয়া সহচরীগণসহ আপনি শ্রীকৃষ্ণের সহিত নবমালতীকুঞ্জে যখন বিশ্রাম করিবেন, তখন রসজ্ঞ আমি দাড়িম্ব, আম্র, রম্ভা, দ্রাক্ষাদি সরসফলসকল আপনার নিকট আনিয়া সুখে পরিবেশন করিব॥ ১৭॥

সেইকালে প্রাপ্তকলা তুলসী কর্ত্তৃক সরোজদলকৢপ্ত অনঙ্গ-কেলি পর্য্যাপ্ততল্প বিরচিত হইবে; আপনাকে শ্রীকৃষ্ণের সহিত

---

* রসবৎ ইতি পাঠান্তরম্‌।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain. Digitization by eGangotri

ত্বাং প্রেয়সা সহ রসাদধিশায়য়ামি
তাম্বূলমাশয়িতুমুল্ললমুল্লসানি ॥ ১৮ ॥
সম্বাহয়ানি চরণাবলকৈঃ স্পৃশামি
জিঘ্রামি সৌরভ-সমূঢ়-চমৎক্রিয়াঢ্যৈঃ ।
অক্ষ্ণোর্দধাম্যুরসিজৌ পরিরম্ভয়ামি
চুম্বাম্যলক্ষিতমবেক্ষিতসৌকুমার্য্যা ॥ ১৯ ॥

(৬) নিশান্তলীলা —

অন্তে নিশস্তনুতরপ্রসৃতালকাল্যা-
স্তাড়ঙ্কহারততিগন্ধবহাগ্রমুক্তাঃ ।
প্রেষ্ঠস্য তে তব চ সংশ্লথিতা নিভাল্য
তত্রানয়ানি পরমাপ্তসখীঃ প্রবোধ্য ॥ ২০ ॥

তদুপরি শয়ন করাইয়া তাম্বূল অর্পণপূর্ব্বক আমি অত্যন্ত উল্লসিত হইব ॥ ১৮ ॥

সৌকুমার্য্য-দ্বারা অবেক্ষিত আপনার চরণদ্বয় সম্বাহন করিব এবং চমৎকারভাবে দর্শন, স্পর্শন ও সৌরভ ঘ্রাণ করিব। নেত্রে ধারণ করিয়া অলক্ষিতভাবে চুম্বন করিব এবং উরসিজ দ্বয়ে ধারণ করিয়া পরিরম্ভণ করিব ॥ ১৯ ॥

নিশান্তে প্রসৃতালকালি আপনার ও ভবৎপ্রেষ্ঠ কৃষ্ণের তাড়ঙ্ক, হারসমূহও নাসাগ্রমুক্তা কিছু কিছু শ্লথিত হইয়াছে দেখিয়া সেই স্থানে পরমপ্রেষ্ঠ সখীগণকে প্রবোধিত করিয়া আনিব ॥ ২০ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitization by eGangotri

তা দর্শয়ানি সুখসিন্ধুষু মজ্জয়ানি
তাভ্যঃ প্রসাদমতুলং সহসাপ্নুবানি।
তন্নূপুরাদিরণিতৈর্গতগাঢ়নিদ্রাং
শয্যোত্থিতাং সচকিতাং ভবতীং ভজানি॥২১॥
হে স্বামিনি প্রিয়সখীত্রপয়াকুলায়াঃ
কান্তাঙ্গতস্তব বিয়োক্তুমপারয়ন্ত্যাঃ।
উদ্‌গ্রন্থয়াম্যলককুণ্ডলমাল্যমুক্তা-
গ্রন্থিং বিচক্ষণতয়াঙ্গুলিকৌশলেন॥ ২২ ॥
নাসাগ্রতঃ শ্রুতিযুগাচ্চ বিয়োজয়ানি
তদ্ভূষণং মণিসরাংস্তু বিসূত্রয়াণি।

আমি সেই পরমপ্রেষ্ঠ সখীগণকে সেই অবস্থা দেখাইয়া সুখসিন্ধুতে মগ্ন করিব। সহসা তাঁহাদের নিকট হইতে অতুল প্রসাদ লাভ করিব। তাঁহাদের নূপুরাদিধ্বনি দ্বারা আপনার গাঢ় নিদ্রা বিগত হইবে। আপনি শয্যোত্থান পূর্ব্বক সচকিতভাবে অবস্থিত হইলে আমি আপনাকে ভজনা করিব॥ ২১॥

হে স্বামিনি! প্রিয়সখীগণের দর্শনে আপনি লজ্জাকুলা হইয়া আপনাকে শ্রীকৃষ্ণ অঙ্গ হইতে পৃথক্ করিতে অপারক হইলে আমি বিচক্ষণতা সহকারে অঙ্গুলিকৌশল-দ্বারা আপনাদের অলক, কুণ্ডল, মুক্তা ও মাল্যগ্রন্থি উদ্‌গ্রন্থিত করিব॥ ২২॥

আপনার নাসাগ্র হইতে ও শ্রুতিযুগল হইতে তত্তদ্‌ভূষণ বিয়োজিত করিব ও মণিহারসমূহ বিসূত্রিত করিব। আপনার

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain. Digitization by eGangotri

প্রাণার্ব্বুদাদধিকমেব সদা তবৈকং
রোমাপি দেবি কলয়ানি কৃতাবধানা ॥ ২৩ ॥
ত্বাং সালিমাত্মসদনং নিভৃতং ব্রজন্তীং
ত্যক্ত্বা হরেরনুপথং তদলক্ষিতোঽহম্।
তাং খণ্ডিতামনুনয়ন্তমবেক্ষ্য চন্দ্রাং
তদ্বৃত্তমালি-ততি-সংসদি বর্ণয়ানি ॥ ২৪ ॥

(২) প্রাতর্লীলা—

প্রক্ষালয়ানি বদনং সলিলৈঃ সুগন্ধৈ-
র্দন্তান্ রসালজদলৈস্তব ধাবয়ানি।
নির্ণেজয়ানি রসনাং তনুহেমপত্র্যা
সন্দর্শয়ানি মুকুরং নিপুণং প্রমৃজ্য ॥ ২৫ ॥

একটী কেশকে আমার প্রাণার্ব্বুদ হইতেও অধিকতর প্রিয় মনে করিয়া বিশেষ সাবধানতার সহিত সর্ব্বদা সম্পন্ন করিব ॥২৩॥

আপনি সখীগণ লইয়া স্বীয় সদন যাবটে নিভৃতভাবে যাইতে থাকিবেন। আমি আপনাদিগের সঙ্গ ছাড়িয়া অলক্ষিত ভাবে কৃষ্ণের অনুগমন করিব। খণ্ডিতা চন্দ্রাবলীকে শ্রীকৃষ্ণ অনুনয় করিতেছেন দেখিয়া আসিয়া সকল বৃত্তান্ত সখীদিগের সভায় বর্ণন করিব ॥ ২৪ ॥ প্রাতর্লীলা

সুগন্ধিজলের দ্বারা আপনার বদন প্রক্ষালন করাইব। সুকোমল আম্রপত্র দ্বারা আপনার দন্ত ধাবন করাইব। সুবর্ণের সরু জিব ছোলা-দ্বারা আপনার রসনা পরিষ্কার করাইব। নৈপুণ্যের সহিত পরিষ্কৃত মুকুর দেখাইব ॥ ২৫ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain. Digitization by eGangotri

স্নানায় সূক্ষ্ম-বসনং পরিধাপয়ানি
হারাঙ্গদাদ্যপঘনাদবতারয়াণি।
অভ্যঞ্জয়াম্যরুণসৌরভহৃদ্যতৈলৈ-
রুদ্বর্ত্তয়ানি নবকুঙ্কুমচন্দ্রচূর্ণৈঃ ॥ ২৬ ॥
নীরৈর্মহাসুরভিভিঃ স্নপয়ানি গাত্রা-
দম্ভাংসি সূক্ষ্ম-বসনৈরপসারয়াণি।
কেশান্ জবাদগুরুধূমকুলেন যত্না-
দাশোষয়াণি রভসেন সুগন্ধয়ানি ॥ ২৭ ॥
বাসো মনোভিরুচিতং পরিধাপয়ানি
সৌবর্ণকঙ্কতিকয়া চিকুরান্ বিশোধ্য।
গুম্ফামি বেণিমমলৈঃ কুসুমৈর্বিচিত্রা-
মগ্রেলসচ্চমরিকা-মণিজাত-ভান্তীম্ ॥ ২৮ ॥

আপনার স্নানের জন্য সূক্ষ্মবসন পরাইব। গলদেশ হইতে হারাদি খুলিয়া অবতরণ করিব। অরুণ সুরভিহৃদ্য তৈলের দ্বারা আপনার অভ্যঞ্জন করিব। নব-কুঙ্কুম-কর্পূর চূর্ণ দ্বারা আপনার উদ্বর্ত্তন করিব ॥ ২৬ ॥

মহাসুরভিবারি-দ্বারা আপনাকে স্নান করাইব। সূক্ষ্ম বসনদ্বারা আপনার গাত্র হইতে জল অপসারিত করিব। কেশ-সমূহ অগুরুধূম-সহকারে শীঘ্র শুষ্ক ও সুগন্ধি করিব ॥ ২৭ ॥

মনের অভিরুচিত বস্ত্র আপনাকে পরাইব। সুবর্ণের চিরুণির দ্বারা আপনার চিকুর বিশোধিত করিয়া বিচিত্র কুসুম ও উজ্জ্বল অগ্রে চমরিকাযুক্ত বেণী গ্রথিত করিব ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain. Digitization by eGangotri

চূড়ামণিং শিরসি মৌক্তিকপত্রপাশ্যাং
ভালে বিচিত্রতিলকঞ্চ মুদা বিরচ্য।
অক্ষ্ণোরাঞ্জিণী শ্রুতিযুগং মণিকুণ্ডলাঢ্যং
নাসামলঙ্কৃতিমতীং করবাণি দেবি ॥ ২৯ ॥

গণ্ডদ্বয়ে মকরিকে চিবুকে বিলিখ্য
কস্তূরিকেষ্টপৃষতং কুচয়োশ্চ চিত্রম্।
বাহ্বোস্তবাঙ্গদযুগং মণিবন্ধযুগ্মে
চূড়াং মসারকলিতাং কলয়ানি যত্নাৎ॥ ৩০ ॥

পাণ্যঙ্গুলীঃ কনকরত্নময়োর্ম্মিকাভি-
রভ্যর্চ্চয়ানি হৃদয়ং পদকোত্তমেন।
মুক্তোতকঞ্চুলিকয়োরসিজৌ বিচিত্র-
মাল্যেন হারনিচয়েন চ কণ্ঠদেশম্॥ ৩১ ॥

হে দেবি! আপনার মস্তকে চূড়ামণি ও মৌক্তিকপত্র-পাশ্যা বসাইয়া দিব। কপালে বিচিত্র তিলক আনন্দের সহিত রচনা করিব। চক্ষুর্দ্বয়কে কজ্জল দ্বারা, শ্রুতিযুগলকে মণিকুণ্ডলের দ্বারা শোভিত করিব এবং নাসিকাকে অলঙ্কৃত করিব ॥ ২৯ ॥

আপনার গণ্ডদ্বয়ে মকরিকাদ্বয়, চিবুকে কস্তূরিকাবিন্দু এবং কুচদ্বয়ে চিত্র লিখিয়া দিব। দুই বাহুতে অঙ্গদ যুগল এবং মণিবন্ধদ্বয়ে ইন্দ্রনীলমণি নির্ম্মিত চুড়ি যত্নে পরাইব ॥ ৩০ ॥

কনকরত্নময় অঙ্গুরী দ্বারা আপনার করাঙ্গুলি, উত্তমপদকের দ্বারা বক্ষস্থল, মুক্তাখচিত কঞ্চুলিকা-দ্বারা আপনার স্তনদ্বয়, এবং বিচিত্র মাল্য ও হারনিচয়ের দ্বারা আপনার কণ্ঠদেশ অভ্যর্চ্চিত করিব॥৩১॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitization by eGangotri

কাঞ্চ্যা নিতম্বমথ হংসকনূপুরাভ্যাং
পাদাম্বুজে দলততিং ক্বণদঙ্গুরীয়ৈঃ।
লাক্ষারসৈররুণমপ্যনুরঞ্জয়ানি
হে দেবি তত্তলযুগং কৃতপুণ্যপুঞ্জা ॥ ৩২ ॥
অঙ্গানি সাহজিক-সৌরভয়ন্ত্যথাপি
দেব্যর্চ্চয়ানি নবকুম্‌কুমচর্চ্চয়ৈব।
লীলাম্বুজং করতলে তব ধারয়াণি
ত্বাং দর্শয়ানি মণিদর্পণমর্পয়িত্বা ॥ ৩৩ ॥
সৌন্দর্য্যমদ্ভুতমবেক্ষ্য নিজং স্বকান্ত-
নেত্রালি-লোভনমবেত্য বিলোলগাত্রীম্‌।

হে দেবি! কৃতপুণ্যপুঞ্জ আমি, আপনার নিতম্ব কাঞ্চী দ্বারা, পাদাম্বুজদ্বয় হংসকনূপুর দ্বারা, পদাঙ্গুলিগুলি বাদনশীল অঙ্গুরী-দ্বারা ও আপনার অরুণসদৃশ পদতলদ্বয় লাক্ষারস-দ্বারা রঞ্জিত করিব ॥ ৩২ ॥

হে দেবি! সাহজিক—সৌরভ দ্বারা আপনার অঙ্গ সকল সুরভিত থাকিলেও নব কুম্‌কুম্‌-চর্চ্চাদ্বারা আপনাকে অর্চ্চন করিব। আপনার করে লীলাম্বুজ দিয়া মণিদর্পণ অর্পণপূর্ব্বক আপনার স্বরূপ আপনাকে দর্শন করাইব ॥ ৩৩ ॥

স্বীয় কান্তের নেত্রালি-লোভন অদ্ভুত-সৌন্দর্য্য দেখিয়া আপনি বিলোলগাত্রী হইবেন। আমি ঐ সময় চক্ষের জলে নিন-

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

প্রাণার্ব্বুদেন বিধুবর্ত্তিকদীপকৈশ্চ
নির্ম্মঞ্ছয়ানি নয়নাম্বুনিমজ্জিতাঙ্গী ॥ ৩৪ ॥

গোষ্ঠেশ্বরী-প্রহিতয়া সহ কুন্দবল্ল্যা
প্রাভাতিক-প্রিয়তমাশন-সাধনায়।
যান্তীং সমং প্রিয়সখীভিরনুপ্রয়াস্যি
তাম্বূল-সম্পুট-মণিব্যজনাদি-পাণিঃ ॥ ৩৫ ॥

গোষ্ঠেশ্বরী-সদনমেত্য পদে প্রণম্য
তস্যাস্তদাপ্তভবিকাং ত্রপয়াবৃতাঙ্গীম্।
ঘ্রাতাং তয়া শিরসি তন্নয়নাম্বুসিক্তাং
ত্বাং বীক্ষ্য তামপি মুদা প্রণমামি ভক্ত্যা॥৩৬॥

জ্জিতাঙ্গী হইয়া স্বীয় প্রাণার্ব্বুদের সহিত কর্পূরবাতিবিশিষ্ট দীপ-দ্বারা আপনাকে নির্ম্মঞ্ছিত করিব ॥ ৩৪ ॥

গোষ্ঠেশ্বরীযশোদাপ্রেরিত কুন্দলতার সহিত প্রিয়তম কৃষ্ণের প্রাভাতিক অশনসাধনের জন্য, আপনি প্রিয়সখীগণের সহিত নন্দালয়ে যাইবেন। আমি সেই সময় তাম্বূলসম্পুট ও মণি-ব্যজনাদি হস্তে লইয়া আপনার পশ্চাৎ পশ্চাৎ যাইতে থাকিব ॥ ৩৫ ॥

গোষ্ঠেশ্বরীর সদনে উপস্থিত হইলে তাঁহার চরণে প্রণাম করিয়া তাৎকালিক উদিতলজ্জাবৃতাঙ্গী হইবেন। গোষ্ঠেশ্বরী আপনার মস্তক ঘ্রাণ লইয়া আশীর্ব্বাদ করিবেন আপনাকে নয়নাম্বু দ্বারা সিক্ত করিবেন। তাহা দেখিয়া আমিও তাঁহাকে পরমানন্দে ভক্তিপূর্ব্বক প্রণাম করিব ॥ ৩৬ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain. Digitization by eGangotri

মূর্ত্তং তপোঽপি বৃষভানুকুলস্য ভাগ্যং
গেহস্য মেঽসি তনয়স্য চ মে বরাঙ্গি।
নৈরুজ্যদাস্যমৃত-পাণিরভূর্ব্বরেণ
দুর্ব্বাসসো যদিতি তদ্বচসা হসানি ॥ ৩৭ ॥
স্নাতানুলিপ্ত-বপুষো দয়িতস্য তাবৎ
তাৎকালিকে মধুরিমণ্যতিলোলিতাক্ষীম্।
স্বামিন্যবেত্য ভবতীং ক্বচনপ্রদেশে
তত্রৈব কেন চ মিষেণ সমানয়ানি ॥ ৩৮ ॥
প্রক্ষালয়ানি চরণৌ ভবদঙ্গতঃ স্রগ্-
মাল্যাদি-পাকরচনানুপযোগি যত্তৎ।

যশোদা বলিবেন, হে রাধে! তুমি মূর্ত্তিমতী তপস্যা ও বৃষভানুকুলের, আমার গৃহের ও আমার তনয়ের ভাগ্য স্বরূপ। হে বরাঙ্গি! তুমি দুর্ব্বাসার বরে অমৃতহস্তা ও কৃষ্ণনৈরুজ্যদাত্রী হইয়াছ। যশোদার এই কথা শুনিয়া আমার হাস্য উদয় হইবে ॥ ৩৭ ॥

হে স্বামিনি! কৃষ্ণ তখন স্নাত ও অনুলিপ্ত হইয়া তাৎকালিক মধুরিমাতে প্রকাশ পাইবেন। আপনি ও তৎকালে তৎপ্রতি অতিলোলাক্ষী হইবেন। আমি নন্দালয়ের কোন নিভৃত প্রদেশে কোন্ ছলে আপনাকে আনিব ॥ ৩৮ ॥

আপনার চরণদ্বয় প্রক্ষালন করাইয়া আপনার অঙ্গ হইতে পাকরচনার অনুপযোগী হারমাল্যাদি উন্মোচিত করিব। আপনি

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain. Digitization by eGangotri

উত্তারয়াণি তদিদং তু তবাস্ত্বিতি ত্বদ্-
বাচোল্লসামি বিকসন্মধুমাধবীব ॥ ৩৯ ॥

পক্ত্বা স্থিতাং মধুরপায়সশাকসূপ-
ভাজীপ্রভৃত্যমৃতনিন্দিচতুর্ব্বিধান্নম্।
ত্বাং লোকয়ানি ন ন নেতি মুহুর্বদন্তীং
গোষ্ঠেশয়াপি পরিবেশয়িতুং নিদিষ্টাম্ ॥ ৪০ ॥

তৃপ্ত্যুত্থিতাং প্রিয়তমাঙ্গরুচিং ধয়ন্ত্যা
বাতায়নার্পিতদৃশঃ সহসোল্লসন্ত্যাঃ।
আনন্দজদ্যুতিতরঙ্গভরে মনোজ-
মজ্জৎকৃতে তব মনো মম মজ্জয়ানি ॥ ৪১ ॥

সে সময় বলিবেন এই হারমাল্যাদি তোমাকে দিলাম। মধু-মাসের মাধবী-পুষ্পের ন্যায় আমার চিত্ত তাহাতে উল্লসিত হইবে ॥ ৩৯ ॥

মধুর পায়স, শাক, সূপ, ভাজী প্রভৃতি অমৃতনিন্দি চতুর্ব্বিধ অন্ন পাক করিয়া আপনি অবস্থিতি করিলে, গোষ্ঠেশ্বরী আপনাকে পরিবেশনের জন্য আদেশ করিবেন। তখন না না না এই রূপ ভাষমাণা আপনাকে আমি দেখিতে থাকিব ॥ ৪০ ॥

ভোজনতৃপ্ত প্রিয়তমের অঙ্গরুচিপানকারিণী আপনি বাতায়নে নয়ন অর্পণ করিয়া সহসা উল্লসিত হইবেন। তৎকালে আপনার আনন্দজনিত লাবণ্য প্রবাহবিশিষ্ট ও কন্দর্পভাবভূষিত অবস্থায় আমি চিত্ত নিমজ্জিত করিব ॥ ৪১ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

রাধে তবৈব গৃহমেতদহঞ্চ জাতে
সূনোঃ শুভে কিমপরাং ভবতীমবৈমি।
তদ্ভুঙ্ক্ষ সম্মুখমিতি ব্রজপা গিরা ত্বদ্-
বক্ত্রং স্মিতং স্বহৃদয়ং রসয়ানি নিত্যম্॥ ৪২ ॥

(৩) পূর্ব্বাহ্নলীলা—

যান্তং বনায় সখিভিঃ সমমাত্মকান্তং
পিত্রাদিভিঃ সরুদিতৈরনুগম্যমানম্।
বীক্ষ্যাপ্ত-গৌরবগৃহাং দিননাথপূজা-
ব্যাজেন লব্ধগহনাং ভবতীং ভজামি ॥ ৪৩ ॥

যশোদা বলিবেন হে রাধে! এই গৃহ তোমার ও আমিও তোমার; যেহেতু আমার পুত্রের মঙ্গল তোমা হইতে হইতেছে, আর অধিক কি বলিব? তুমি আমার সম্মুখে ভোজন কর। এই কথা শুনিয়া আপনার সরসমুখে মৃদুহাসি উদয় হইবে; তাহাতে আমি নিত্যরস বোধ করিব॥ ৪২ ॥

আপনার হৃদয়কান্ত, সখাদিগের সহিত বনে গমন করিবেন এবং তাঁহার পশ্চাৎ পশ্চাৎ পিত্রাদি রোদন করিতে করিতে গমন করিবেন। তাহা দেখিতে দেখিতে আপনি নিজ-গৃহ লাভ করিবেন এবং সূর্য্যপূজাচ্ছলে বনে গমন করিবেন। আমি আপনাকে ভজন করিব॥ ৪৩ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

৩) মধ্যাহ্নলীলা—

কান্তং বিলোক্য কুসুমাবচয়ে প্রবৃত্তা-
মাদায় পত্রপুটিকামনুযাম্যহং ত্বাম্।
কা তস্করীয়মিতি তদ্বচসা ন কাপী
ত্যুক্ত্যা * তদর্পিতদৃশং ভবতীং স্মরামি ॥ ৪৪ ॥
পুষ্পাণি দর্শয় কিয়ন্তি হৃতানি চৌরী-
ত্যুক্তৌ চ পুষ্প-পুটিকামপি গোপয়ানি।
তদ্বীক্ষ্য হন্ত মম কক্ষতলে ক্ষিপন্তম্।
পাণিং বলাত্তমভিমৃশ্য ভবানি দূনা ॥ ৪৫ ॥
রক্ষাদ্য দেবি কৃপয়া নিজদাসিকাং মা-
মিত্যুচ্চ-কাতরগিরা শরণং ব্রজামি।

মধ্যাহ্নলীলা—
কান্তকে দেখিয়া আপনি পুষ্পচয়ন করিতে প্রবৃত্ত হইলে আমি পত্রপুটিকার সহিত আপনার পশ্চাৎ পশ্চাৎ গমন করিব। কৃষ্ণ বলিবেন, এ তস্করী কে? তাহাতে "কেহ নয়" এই বলিতে বলিতে কৃষ্ণের প্রতি দৃষ্টি অর্পণকারিণী আপনাকে স্মরণ করি॥৪৪॥

কৃষ্ণ বলিলেন, দেখাও, কতগুলি ফুল চুরি করিয়াছ, আমি তখন পুষ্পপুটিকা গোপন করিব। তাহা দেখিয়া কৃষ্ণ আমার কক্ষতলে বলপূর্ব্বক হস্তক্ষেপ করিবেন, তাহাতে আমি দুঃখিত হইব ॥ ৪৫ ॥

আমি বলিব, "হে দেবি! অদ্য এই নিজদাসীকে কৃপা করিয়া রক্ষা করুন।" এই উচ্চ কাতরবাক্যে আপনার শরণ

* ত্যক্ত্বা বা পাঠঃ।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

কিং ধূর্ত্ত দুঃখয়সি মজ্জনমিত্যমুষ্য
বাহুং করেণ তুদতীং ভবতীং শ্রয়ামি ॥ ৪৬ ॥
ত্যক্ত্বৈব মাং ভবতুরঃ কবচং বিখণ্ড্য
প্রাপ্তাং স্রজং তব গলাৎ স্বগলে নিধায়।
পুষ্পাণি চৌরি মম কিং তব কণ্ঠহেতো-
স্ত্বৎকণ্ঠমেব রভসং পরিপীড়য়ামি ॥ ৪৭ ॥
রাজাস্তি কন্দরতলে চল তত্র ধূর্ত্তে
তস্যাজ্ঞয়ৈব সহসৈব বিবস্ত্রয়িষ্যে।
ত্বাং বীক্ষ্য হৃষ্যতি স বৈ নিজদিব্যমুক্তা-
মালাং প্রদাস্যতি ললাটতটে মদীয়ে ॥ ৪৮ ॥

"হে ধূর্ত্ত! আমার নিজজনকে কেন দুঃখ দিতেছ" আপনি এই বলিয়া হস্তদ্বারা কৃষ্ণবাহু ছাড়াইতে থাকিবেন, সেই ভাবযুক্ত আপনাকে আশ্রয় করি ॥ ৪৬ ॥

তখন আমাকে ছাড়িয়া আপনার বক্ষকবচ বিখণ্ডিত করিয়া আপনার গলদেশ হইতে মালা লইয়া স্বীয় গলদেশে পরিবেন আর বলিবেন, "হে চৌরি! আমার এই পুষ্পসকল কি তোমার কণ্ঠের জন্য হইয়াছে? দেখ, তোমার কণ্ঠ আমি বলপূর্ব্বক পীড়ন করিতেছি ॥ ৪৭ ॥

হে ধূর্ত্তে! চল, ঐ কন্দরতলে রাজা বসিয়া আছেন; তাঁহার আজ্ঞায় আমি সহসা তোমাকে বিবস্ত্র করিব। তোমাকে দেখিয়া তিনি নিশ্চয় সন্তুষ্ট হইবেন এবং দিব্য মুক্তামালা আমার ললাটে প্রদান করিবেন ॥ ৪৮ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

দোষো ন তে ব্রজপতেস্তনয়োপি তস্য
দুষ্টস্য যন্নরপতেঃ খলু সেবকোভূঃ।
ত্বদ্বুদ্ধিরীদৃগভবন্মম চাত্র সাধ্বী
ভালে কিমেতদভবল্লিখিতং বিধাত্রা ॥ ৪৯ ॥

ইত্যাদি বাঙ্ময়সুধামহহ শ্রুতিভ্যাং
প্রেম্না * পিবান্যুদরপূরমথেক্ষণাভ্যাং।
রূপামৃতং তব সকান্তয়া বিলাস-
সীধুঞ্চ দেবি বিতরাম্যথমাদয়ানি ॥ ৫০ ॥

প্রেষ্ঠে সরস্যভিনবৈঃ কুসুমৈর্বিচিত্রাং
হিন্দোলিকাং প্রিয়তমেন সহাধিরূঢ়াম্।

আপনি কহিবেন, "হে ব্রজপতিতনয়! তোমার দোষ নাই, কেন না, তুমি দুষ্ট কন্দর্প নরপতির সেবক হইয়াছ। তোমার এরূপ বুদ্ধি আমার এরূপ সুবুদ্ধি কেবল বিধাতৃলিখিত বলিয়া মনে করি" ॥ ৪৯ ॥

এই প্রকার আপনাদের বাঙ্ময়সুধা, আমি শ্রুতিযুগল দ্বারা এবং রূপামৃত চক্ষুর্যুগল দ্বারা উদর পূর্ণ পর্যান্ত পান করিব এবং আপনাদের বিলাসামৃত সখীমণ্ডলে বিতরিত করিয়া তাঁহাদিগকে আমোদিত করিব ॥ ৫০ ॥

আপনার প্রিয় রাধাকুণ্ডে অভিনবপুষ্পের দ্বারা বিচিত্র হিন্দোলিকায় প্রিয়তম কৃষ্ণের সহিত আপনাকে চড়াইয়া

---

* প্রেম্না মদানি ইতি বা পাঠঃ।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain. Digitizagtion by eGangotri

ত্বাং দোলয়ান্যথ কিরামি পরাগরাজী-
র্গায়ানি চারুমহতীমপি বাদয়ানি ॥ ৫১ ॥
বৃন্দাবনে সুর-মহীরুহযোগপীঠে
সিংহাসনে স্ব-রমণেন বিরাজমানাম্।
পাদ্যার্ঘ্যধূপ-বিধূদীপ-চতুর্ব্বিধান্ন-
স্রগ্ভূষণাদিভিরহং পরিপূজয়ানি ॥ ৫২ ॥
গোবর্দ্ধনে মধুবনেষু মধূৎসবেন
বিদ্রাবিত-ত্রপসখীশতবাহিনীকাম্।
পিষ্টাতযুদ্ধমনুকান্তজয়ায় যান্তীং
ত্বাং গ্রাহয়াণি নবজাতুষকূপকালীঃ ॥ ৫৩ ॥

দোলাইব। পরাগরাজি ছড়াইব। সুন্দর গীত বাদ্য করিব ॥ ৫১ ॥

শ্রীবৃন্দাবনে সুরমহীরুহ যোগপীঠোপরি সিংহাসনে আপনি শ্রীকৃষ্ণের সহিত বিরাজমান হইবেন। আমি পাদ্য, অর্ঘ্য, কর্পূর-দীপ, চতুর্ব্বিধ অন্ন, স্রগ্‌ভূষণাদির সহিত আপনাদিগকে পূজা করিব ॥ ৫২ ॥

গোবর্দ্ধনে মধুবনে মধূৎসবে বিগতলজ্জ ও সখীশতবাহিনী যুক্ত হইয়া কান্তজয়ের আশায় আপনি পিচকারিযুদ্ধে প্রবৃত্ত হইবেন। আমি তখন আপনাকে লাক্ষানির্ম্মিত কুম্‌কুমগুলিকা যোগাইব ॥ ৫৩ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

অগ্রেস্থিতোঽস্মি তব নিশ্চলবক্ষ এব
উদ্ঘাট্য কন্দুকচয়ং ক্ষিপচেদ্বলিষ্ঠা।
উদ্ঘাট্য কঞ্চুকমুরঃ কিল দর্শয়ন্তী
ত্বং চাপি তিষ্ঠ যদি তে হৃদি বীরতাস্তি ॥ ৫৪ ॥
যৎ কথ্যতে তদয়মেব তব স্বভাবো
যৎ পূর্ব্বজন্মনি ভবানজিতঃ কিলাসীৎ।
মিথ্যৈব তদ্যদিহ ভোঃ কতিশোঽজিতোঽভূঃ
মৎকিঙ্করীভিরপি তদ্বিগতত্রপোঽসি ॥ ৫৫ ॥
ইত্যেবমুৎপুলকিনী কলয়ানি বাচং
শিঞ্জানকঙ্কণরণৎকৃতডুন্দুভীকম্।

কৃষ্ণ বলিবেন,—তোমার অগ্রে আমি নিশ্চলবক্ষ হইয়া দাঁড়াইলাম, এখন তোমার বল থাকে ত' কন্দুকচয় উদ্ঘাটন পূর্ব্বক ক্ষেপণ কর। আপনিও স্বীয় কঞ্চুকমুক্ত বক্ষ দেখাইয়া কহিবেন, যদি তোমার হৃদয়ে বীরতা থাকে, তবে দাঁড়াও ॥ ৫৪ ॥

তুমি যে বীরতার অহঙ্কার বাক্য কহিতেছ, সেটি তোমার স্বভাব। পৌর্ণমাসীমুখে শুনিয়াছি, তুমি পূর্ব্বজন্মে অজিত নামে প্রাদুর্ভূত হইয়াছিলে, ইহা সম্পূর্ণ মিথ্যা; যেহেতু হে কৃষ্ণ! আমার কিঙ্করীগণ তোমাকে কতবার পরাজয় করিয়াছে, তুমি এখন নির্লজ্জ হইয়া এরূপ গর্ব্ব করিতেছ ॥ ৫৫ ॥

এই সময় আমি উৎপুলকিত হইয়া আপনাদের এইরূপ কথা শ্রবণ করিব। নূপুর, কিঙ্কিণী ও কঙ্কণঝঙ্কার রূপ দুন্দুভি

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain. Digitization by eGangotri

যুদ্ধং মুখামুখি রদারদি চারুবাহা-
বাহব্য-মন্দনখরানখরি স্তবানি ॥ ৫৬ ॥
কস্যাঞ্চিদদ্রিনৃপ-দীব্যদুপত্যকায়াং
সপ্রেয়সি ত্বয়ি সখীশতবেষ্টিতায়াম্।
বিশ্রান্তিভাজি বনদেবতয়োপনীতা-
নীষ্টানি সীধুচষকানি পুরো দধানি ॥ ৫৭ ॥
হা কিং ক্বি কিং ধ্বধরণী ঘু ঘু ঘূর্ণতীয়ং
ধা ধা ধ ধাবতি ভয়াদ্বিবিবৃক্ষপুঞ্জঃ।
ভী ভী ভি ভীরুরহমত্র কথং জিজীবা-
ম্যেবং লগিষ্যসি যদা দয়িতস্য কণ্ঠে ॥ ৫৮ ॥

বাদ্যের সহিত আপনাদের মুখামুখি, রদারদি, হস্তাহস্তি ও নখরা-নখরি যুদ্ধ হইবে। সেই যুদ্ধকে আমি স্তব করিব ॥ ৫৬ ॥

গিরিরাজ গোবর্দ্ধনের উজ্জল কোন উপত্যকায় কৃষ্ণের সহিত সখীশতবেষ্টিত হইয়া আপনি বিশ্রাম করিলে বনদেবতার আনীত ইষ্ট অমৃত ও মধুপানপাত্রসকল আপনার নিকট রাখিব ॥ ৫৭ ॥

আপনি মধুমত্ত হইয়া হাহা ধরণী ঘুরিতেছে, বৃক্ষপুঞ্জ সকল ভয়ে ধাবমান হইতেছে, আমি বড় ভীত হইতেছি, এখন কিরূপে বাঁচিব এই বলিয়া প্রিয়তমের কণ্ঠ জড়াইয়া ধরিবেন ॥ ৫৮ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain. Digitizagtion by eGangotri

ত্বৎ স্বামিনী প্রলপতীয়মিমাং গদেন
হীনাং করোমি কলয়া তদিতঃ প্রযাহি।
ইত্যুক্তিসীধুরসতর্পিতহৃত্তদৈব
নিষ্ক্রম্য জালবিততৌ নিদধানি নেত্রে ॥ ৫৯ ॥
ঘ্রাণাক্ষিকর্ণবদনে জলসেকনীত্যা
কৃষ্ণস্ত্বয়া জিত ইতঃ সহসা নিমজ্য।
গ্রাহো ভবন্ সখলু যৎ কুরুতেস্ম তত্তু
জানাম্যহং তব মুখাম্বুজমেব বীক্ষ্য ॥ ৬০ ॥
অভ্যঞ্জয়ানি সসখীদয়িতাং সহালি-
স্ত্বাং স্নাপয়ানি বসনাভরণৈর্বিচিত্রম্।

কৃষ্ণ আমাকে বলিবেন, তোমার স্বামিনী মধুমত্ত হইয়া প্রলাপ করিতেছেন। ইহাঁকে কলাবিলাস দ্বারা রোগহীন করিব। তুমি এস্থান হইতে প্রস্থান করিলে ভাল হয়। এই উক্তি সীধু-রসতর্পিত-হৃদয় আমি নির্গত হইয়া জালরন্ধ্রে, দুই-নেত্র অর্পিত করিব ॥ ৫৯ ॥

নাসিকা-চক্ষু-কর্ণ-বদনে জলসেকনীতির দ্বারা তোমা-কর্তৃক পরাজিত কৃষ্ণ, সহসা জলে মগ্ন হইয়া গ্রাহরূপে যাহা যাহা করিবেন, আপনার মুখাম্বুজ দেখিয়া তাহা আমি জানিতে পারিব ॥ ৬০ ॥

সখীদিগের সহিত আমি আপনাকে তৈল মর্দ্দন করাইব সখীদিগের পরমপ্রিয় আপনাকে আমি স্নান করাইব। বিচিত্র

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain. Digitizagtion by eGangotri

শৃঙ্গারয়াণি মণিমন্দিরপুষ্পতল্পে
সংভোজয়ানি করকাদ্যথ শাপয়ানি ॥ ৬১ ॥

বানীরকুঞ্জ ইহ তিষ্ঠতি কৃষ্ণ দেবী
নিহ্নুত্য মৃগ্যসি কথং তদিতঃ পরত্র।
সত্যামিমাং মম গিরং ত্বমবিশ্বসন্তং
যান্তং প্রদর্শ্য ভবতীমতিহর্ষয়াণি ॥ ৬২ ॥

স্বামিন্যমুত্র হরিরস্তি কদম্বকুঞ্জে
নিহ্নুত্য মৃগ্যসি কথং তদিতঃ পরত্র।
সত্যামিমাং মম গিরং খলু বিশ্বসন্ত্যাঃ
পাণৌ জয়ং তব নয়ানি তমাপ্নুবন্ত্যাঃ ॥ ৬৩ ॥

বসন—আভরণ দ্বারা আমি আপনাকে ভূষিত করিব। দাড়িম্ব-প্রভৃতি ভোজন করাইয়া মণিমন্দিরে পুষ্পতল্পে শয়ন করাইব ॥৬১॥

লুকাচুরি-খেলায় কৃষ্ণ আসিয়া অন্বেষণ করিলে আমি বলিব, "হে কৃষ্ণ! দেবী বানীরকুঞ্জে অবস্থান করিতেছেন; আপনি এখান হইতে বাহির হইয়া অন্যত্র কেন অন্বেষণ করিতেছেন?" আমি এই সত্য-কথা বলিলেও কৃষ্ণ তাহা বিশ্বাস না করিয়া অন্যত্র যাইবেন। তাহা আপনাকে দেখাইয়া হর্ষান্বিত করিব ॥৬২॥

আপনি কৃষ্ণকে অন্বেষণ করিলে, আমি বলিব "হে স্বামিনি! কৃষ্ণ এই কদম্বকুঞ্জে লুকাইয়া আছেন, আপনি এ স্থান ছাড়িয়া অন্যত্র কেন অন্বেষণ করিতেছেন?" আমি সে বিষয় সত্য বলিয়া জানি, সুতরাং আপনি তাহা বিশ্বাস করিবেন, আপনার হস্তে জয় আনিয়া দিব অর্থাৎ খেলায় আপনার জয় হইবে ॥ ৬৩ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

রাধে জিতা চ জয়িনী চ পণং ন দাতু-
মাদাতুমপ্যহহ চুম্বনমীশিষে ত্বম্।
নাশ্লেষচুম্বমধুরাধরপানতোঽন্যৎ
দ্যূতেঽগ্রহং রসবিদঃ প্রবরং বদন্তি ॥ ৬৪ ॥
গোবর্দ্ধনে হি মম কাপি সখী পুলিন্দ-
কন্যাস্তি ভৃঙ্গ্যতিতরাং নিপুণেদৃশেঽর্থে।
মদ্‌গ্রাহ্যদেয়পণবস্তুনি মন্নিযুক্তা
সা তে গ্রহীষ্যতি চ দাস্যতি চোপগূহম্॥ ৬৫ ॥
উক্তে‌ত্থমাত্মদয়িতং প্রতিবক্ষ্যসে মাং
যাহীত্যথোৎপুলকিনী দ্রুতপাদপাতা।

হে রাধে, পাশাখেলায় মুখচুম্বন-পণ থাকুক। তুমি পরাজিত হইলে জয়ী আমাকে ঐ পণ দিবে। আর তুমি জয়িনী হইলে আমার নিকট ঐ পণ গ্রহণ করিবে। অসম্মত হইতেছ কেন? দেখ, রসবিৎ পণ্ডিতগণ, দ্যূতক্রীড়ায় আলিঙ্গন, চুম্বন ও মধুরাধর-পান অপেক্ষা অন্য শ্রেষ্ঠপণ আর নাই বলিয়া থাকেন॥ ৬৪ ॥

কৃষ্ণ ইহা কহিলে আপনি কহিবেন, এই গোবর্দ্ধনে আমার ভৃঙ্গী নাম্নী একটী পুলিন্দকন্যা সখী আছেন, তিনি এইরূপ বিষয়ে নিপুণা, আর এইরূপ বিষয় অন্বেষণ করিয়া থাকেন। আমার গ্রাহ্য ও দেয় পণ-বিষয়ে আমা-কর্ত্তৃক নিযুক্ত হইয়া তোমাকে তিনি আলিঙ্গন দিবেন ও তোমা হইতে গ্রহণ করিবেন॥ ৬৫ ॥

কৃষ্ণকে ইহা বলিয়া আপনি সেই পুলিন্দকন্যাকে আনিতে

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain. Digitization by eGangotri

তামানয়ান্ত্যুপমুকুন্দমথাসয়ানি
তং লজ্জয়ানি স্থমুখীরতিহাসয়ানি ॥ ৬৬ ॥
স্বীয়া কিল ব্রজপুরে মুরলী তবৈকা
প্রাভূন্নতামপি ভবানবিতুং স্বভার্য্যাম্।
সা লম্পটাপি ভবতোঽধরসীধুসিক্তা-
প্যন্যং পুমাংসমিহ মৃগ্যতি চিত্রমেতৎ ॥ ৬৭ ॥
বংশীং সতীং গুণবতীং স্থভগাং দ্বিষন্ত্যো-
ঽসাধ্ব্যো ভবত্য ইহ তৎ সমতামলব্ধ্বা।
তাং ক্বাপি বন্ধমনয়ংস্তদহং ভুজাভ্যাং
বদ্ধ্বৈব বঃ শিখরিগহ্বরগাঃ করোমি ॥ ৬৮ ॥

আমাকে আজ্ঞা দিবেন। আমি উৎপুলকিনী হইয়া দ্রুতপাদে গিয়া তাঁহাকে আনিয়া মুকুন্দের নিকট বসাইব। স্থমুখী সখীদিগকে হাসাইব ও কৃষ্ণকে লজ্জা দিব ॥ ৬৬ ॥

হে কৃষ্ণ! এই ব্রজপুরে মুরলী তোমার একমাত্র স্বকীয় পত্নী। তুমি স্বভার্য্যা রক্ষণে অক্ষম। তিনি লম্পটা যেহেতু তোমার অধরসীধুসিক্ত হইয়াও অন্যপুরুষকে অন্বেষণ করেন। ইহাই বিচিত্র ॥ ৬৭ ॥

কৃষ্ণ কহিবেন, আমার বংশী, সতী, গুণবতী ও সৌভাগ্যবতী। তোমরা অসাধ্বী, তাহার সমতা না পাইয়া দ্বেষ করিতেছ। তাহাকে তোমাদের মধ্যে কেহ কোনখানে বদ্ধ করিয়াছ। তজ্জন্য আমিও তোমাদিগকে দুই-ভুজের মধ্যে গিরিকন্দরস্থলে বদ্ধ করিব ॥ ৬৮ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain. Digitizagtion by eGangotri

ইত্যাগতং হরিমবেক্ষ্য রহস্ত্বদীয়-
কক্ষাদহং মুরলিকাং সহসা গৃহীত্বা।
তাং গোপয়ানি তদলক্ষিতমেব চিত্র-
পুষ্পেষুসঙ্গররসাং কলয়ানি চ ত্বাম্॥ ৬৯ ॥
ব্রহ্মন্নিমামনুগৃহাণ ভবন্তমেব
ভাস্বন্তমর্চ্চয়িতুমিচ্ছতি মে স্নুষেয়ম্।
ইত্যার্য্যয়া প্রণমিতাং ধৃতবিপ্রবেশে
কৃষ্ণেঽর্পিতাঞ্চ ভবতীং স্মিতভাগ্‌ভজানি ॥৭০॥

(৫) অপরাহ্ণলীলা—

যান্তীং গৃহং স্বগুরুনিঘ্নতয়াতিলৌল্যাৎ
কান্তাবলোকনকৃতে মিষমাশ্বশন্তীম্।

এইরূপে হরিকে আসিতে দেখিয়া গোপনে আপনার কক্ষদেশ হইতে মুরলিকাকে সহসা গ্রহণপূর্ব্বক কৃষ্ণের অলক্ষিতভাবে গোপন করিয়া তোমাকে কন্দর্পযুদ্ধের বিষয়ীভূত করিব ॥ ৬৯ ॥

জটিলা আসিলে সূর্য্যমন্দিরে কৃষ্ণ ব্রাহ্মণবেশে উপস্থিত হইবেন। জটিলা তাঁহাকে কহিবেন হে ব্রাহ্মণ! আমার এই পুত্রবধূকে অনুগ্রহ করুন, ইনি সূর্য্যরূপী আপনাকে পূজা করিতে ইচ্ছা করেন। এই বলিয়া তিনি আপনাকে বিপ্রবেশধৃত-কৃষ্ণকে প্রণাম করাইবেন এবং আপনাকে কৃষ্ণে অর্পণ করিবেন, তাহা দেখিয়া আমি মৃদু-মৃদু হাস্য করিব ॥ ৭০ ॥

আপনি গুরুজনের নিগ্রহভয়ে অতিব্যস্তভাবে গৃহে যাইতে

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain. Digitizagtion by eGangotri

দূরেঽনুযানি যদতোঽনুবিবর্ত্তিতাস্যা
মেহীতি বক্ষ্যসি তদাস্যরুচো ধয়ন্তী ॥ ৭১ ॥
গেহাগতাং বিরহিণীং নবপুষ্পতল্পে
ত্বাং শায়য়ানি পরতঃ কিলমুর্ম্মুরাভাৎ।
তস্মাৎ পরত্র শয়নং বিসপুঞ্জকৢপ্ত-
মধ্যাসয়ানি বিধুচন্দন-পঙ্কলিপ্তাং ॥ ৭২ ॥
আকর্ণ্য চন্দনকলাকথিতং ব্রজেশা-
সন্দেশমুৎসুকমতেঃ সহসা সহাল্যাঃ।
সায়ন্তনাশনকৃতে দয়িতস্য নব্য-
কর্পূরকেলিবটকাদি বিনির্ম্মিতৌ তে ॥ ৭৩ ॥

থাকিবেন এবং কান্তি অবলোকন জন্য কোন ছল অন্বেষণ করিতে থাকিবেন। আমিও একটু দূরে-দূরে আপনার পশ্চাৎ মুখ ফিরাইয়া যাইতে থাকিব। আপনি আপনার শোভা দর্শন-কারিণী আমাকে এস এস বলিয়া ডাকিতে থাকিবেন ॥ ৭১ ॥

গৃহে পৌঁছিলে কৃষ্ণবিরহিণী আপনাকে, আপনার পক্ষে তুষানলতুল্য নবপুষ্পতল্পে শয়ন করাইব। তাহার পর মৃণালপুঞ্জরচিত শয্যায় কর্পূরচন্দনপঙ্কলিপ্ত আপনাকে শয়ন করাইব ॥ ৭২ ॥

চন্দনকলা-কথিত ব্রজেশ্বরীর সংবাদ শ্রবণ করিয়া সখীদিগের সহিত আপনি সমুৎসুক হইয়া কৃষ্ণের সায়ংকালীন ভোজনের জন্য নব্যকর্পূরকেলি-প্রভৃতি বড়া-সকল প্রস্তুতকরণে সহসা ব্যস্ত হইলে; আমি চুলি লেপন করিব এবং তাহার উপর নির্ম্মল

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

লিম্পামি চুল্লিমথ তত্র কটাহমচ্ছ-
মারোহয়াগ্নি দহনং রচয়ানি দীপ্তম্।
নীরাজ্যখণ্ড-কদলী-মরিচেন্দুসীরি-
গোধূম-চূর্ণ-মুখ-বস্তু সমানয়ানি ॥ ৭৪ ॥
অত্যদ্ভুতং মলয়জদ্রবসেচনেন
বৃদ্ধিং জগাম যদিদং বিরহানলৌজঃ।
কর্পূরকেলিবটকাবলিসাধনাগ্নি-
জ্বালৈব শান্তিমনয়ত্তদিতি ব্রবীমি ॥ ৭৫ ॥
ধূলির্গবাং দিশমরুদ্ধহরেঃ সহস্রা-
রাবোত্থ্যদন্তমতুলং মধুপায়য়ানি।

কটাহ রাখিয়া দীপ্ত অগ্নি জ্বালিয়া দিব। জল, ঘৃত, খণ্ড, কদলী, মরিচ, কর্পূর, সীরি অর্থাৎ নারিকেল–শস্য, গোধূমচূর্ণ প্রভৃতি আপনার নিকট আনিয়া দিব ॥ ৭৩ ॥ ৭৪ ॥

"মলয়জ– দ্রবসেচনের দ্বারা যে বিরহানলের শক্তি বৃদ্ধি পাইতেছিল, কর্পূরকেলিবটকাবলী নির্ম্মাণের জন্য যে অগ্নি-জ্বালা উঠিল, তাহাতে তাহা শান্ত হইয়া গেল। ইহা অতি অদ্ভুত।" আমি আপনাকে এইরূপ বলিব ॥ ৭৫ ॥

শ্রীকৃষ্ণের হাম্বারবকারিগোসমূহের ধূলি, দিক্ সকল রোধ করিল, এই সংবাদরূপ অতুলমধু আপনাকে পান করাইব। সেই মধুপান করিয়া আপনি সমস্ত কার্য্য পরিত্যাগ পূর্ব্বক

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

তৎপানসম্মদ-নিরস্তসমস্তকৃত্যাং
ত্বামুত্থিতাং সহগণামভিসারয়াণি ॥ ৭৬ ॥
তৎকৃষ্ণবর্ত্ম নিকটস্থলমানয়ানি
নির্ব্বাপয়াণি বিরহানলমুন্নতং তে।
আয়ত এষ ইতি বল্লিনিগূঢ়গাত্রী-
মাকৃষ্য মহ্যমহহেশ্বরি কোপয়ানি ॥ ৭৭ ॥
শ্রীকৃষ্ণদৃঙ্মধুলিহা ভবদাস্যপদ্ম-
মাঘ্রাপয়াণ্যতিতৃষস্তবদ্দৃক্‌চকোরীম্।
তদ্বক্ত্রচন্দ্রবিকসৎ-স্মিতধারয়ৈব
সংজীবয়ানি মধুরিম্নি নিমজ্জয়ানি ॥ ৭৮ ॥

সগণে উন্মদ হইয়া উঠিবেন। আপনাকে আমি অভিসার করাইব ॥ ৭৬ ॥

কৃষ্ণের পথ-নিকট-স্থলে আপনাকে আনিব এবং আপনার উন্নত বিরহানল নির্ব্বাপণ করিব। কৃষ্ণ আসিলে আপনি লতার আড়ালে লুকাইবেন। আমি আপনাকে টানিয়া আনিলে, হে ঈশ্বরি! আপনি আমার প্রতি কোপ করিবেন ॥ ৭৭ ॥

শ্রীকৃষ্ণের নয়নভ্রমরকে আপনার মুখপদ্ম আঘ্রাণ করাইব। কৃষ্ণমুখচন্দ্রের বিমলমন্দহাস্যসুধাধারায় আপনার অতি-তৃষার্ত্ত লোচনচকোরীকে সঞ্জীবিত করিয়া মাধুর্য্যে নিমগ্ন হইব ॥ ৭৮ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

(৩) সায়ংলীলা—

বৈবশ্যমস্য তব চাদ্ভুতমীক্ষয়াণি
ত্বামানয়ানি সদনং ললিতানিদেশাৎ।
কর্পূরকেল্যমৃতকেলি-ততিপ্রদাতুং
গোষ্ঠেশ্বরীমনুসরাণি সমং সখীভিঃ ॥ ৭৯ ॥

গত্বা প্রণম্য তব শং কথয়ানি দেবি
পৃষ্টা তয়াথ বটকাবলিমর্পয়িত্বা।
তাং হর্ষয়াণি ভবদদ্ভুত-সদ্গুণালী-
স্তৎকীর্ত্তিতাঃ স্ববয়সে শৃণবানি হৃষ্টা ॥ ৮০ ॥

বীক্ষ্যাগতং তনয়মুন্নতসম্ভ্রমোর্ম্মি-
মগ্নাং স্তনাক্ষি-পয়সাভিষিচ্য পূরৈঃ।

কৃষ্ণের ও আপনার বৈবশ্য আমি দর্শন করিব। ললিতা-নিদেশে আপনাকে গৃহে আনিব এবং কর্পূরকেলি অমৃতকেলি বটক সকল গোষ্ঠেশ্বরীকে দিবার জন্য সখীদিগের সহিত গমন করিব ॥ ৭৯ ॥

হে দেবি, তথায় গিয়া যশোদাকে প্রণাম করিয়া বটকাবলি দিয়া আপনার বিষয় জিজ্ঞাসিত হইলে আপনার মঙ্গল জানাইব। যশোদার হর্ষোৎপাদন করিব। তিনি আপনার অদ্ভুত সদ্গুণাবলি সমবয়স্ক গোপীদিগের নিকট কীর্ত্তন করিবেন। আমি হৃষ্টচিত্তে তাহা শ্রবণ করিব ॥ ৮০ ॥

পুত্রকে আসিতে দেখিয়া যশোদা উন্নত সম্ভ্রমোর্ম্মিতে নিমগ্ন হইয়া স্তন ও অক্ষি-পয়োদ্বারা কৃষ্ণকে অভিষিক্ত করিবেন এবং

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain. Digitizaqtion by eGangotri

অভ্যঙ্গনাদিকৃতয়ে নিজদাসিকান্তা
মাজ্ঞাপি তাং নিদিশতীং মনসা স্তবানি ॥ ৮১ ॥
স্নানানুলেপ-বসনাভরণৈর্বিচিত্র-
শোভস্য মিত্রসহিতস্য তয়া জনন্যা।
স্নেহেন সাধু বহুভোজিতপায়িতস্য
তস্যাবশেষিতমলক্ষিতমাদদানি ॥ ৮২ ॥
তেনৈব কান্তবিরহজ্বরভেষজেন
তাৎকালিকেন তদুদন্তরসেন চাপি।
আগত্য সাধু শিশিরী করবাণি শীঘ্রং
ত্বন্নেত্রকর্ণরসনাহৃদয়ানি দেবি ॥ ৮৩ ॥
স্নানায় পাবনতড়াগজলে নিমগ্নাং
তীর্থান্তরে তু নিজবন্ধুবৃতো জলস্থঃ।

অভ্যঙ্গনাদির জন্য দাসীগণকে ও আমাকে আদেশ করিবেন। সেই যশোদাকে আমি মনে-মনে স্তব করি ॥ ৮১ ॥

শ্রীকৃষ্ণ স্নাতানুলিপ্ত ও বিচিত্রবসনাভরণ দ্বারা পরিশোভিত এবং জননী কর্ত্তৃক স্নেহের সহিত ভোজিত ও পায়িত হইলে তাঁহার অবশেষ অলক্ষিতভাবে আমি গ্রহণ করিব ॥ ৮২ ॥

হে দেবি! তাৎকালিক কান্তবিরহজ্বরভেষজরূপ তৎপ্রসাদ ও কৃষ্ণের তাৎকালিক স্নানভোজনসংবাদদ্বারা আমি আপনার নেত্র, কর্ণ, রসনা ও হৃদয় শীঘ্র শীতল করিব ॥ ৮৩ ॥

স্নানার্থ পাবনসরোবরের জলে আপনি নিমগ্ন হইবেন। কৃষ্ণ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain. Digitization by eGangotri

সংমজ্য তত্র জলমধ্যত এত্য স ত্বা-
মালিঙ্গ্য তত্র গত এব সমুত্থিতঃ স্যাৎ ॥ ৮৪ ॥
তন্নো বিদুর্নিকটগা অপি তে ননন্দৃ-
শ্বশ্রাদয়ো ন কিল তস্য সহোদরাদ্যাঃ।
জ্ঞাত্বাহমুৎপুলকিতৈব সহালিরেত-
চ্চাতুর্য্যমেত্য ললিতাং প্রতিবর্ণয়ানি ॥ ৮৫ ॥
উদ্যানমধ্যবলভীমধিরুহ্য তত্র
বাতায়নার্পিতদৃশং ভবতীং বিধায়।
সন্দর্শ্য তে প্রিয়তমং সুরভীদু্হান-
মানন্দবারিধিমহোর্ম্মিষু মজ্জয়ানি ॥ ৮৬ ॥

অন্য ঘাটে নিজবন্ধুবৃত হইয়া জলে থাকিবেন। কৃষ্ণ জলমধ্যে মগ্ন হইয়া আপনাকে আলিঙ্গন করিয়া পুনরায় নিজ ঘাটে উঠিবেন ॥ ৮৪ ॥

সে কথা আপনার নিকটস্থ ননন্দা ও শ্বশ্রূ প্রভৃতি এবং কৃষ্ণের সোদর প্রভৃতি জানিতে পারিবেন না। আমি জানিতে পারিয়া সহচরীদিগের সহিত এই চাতুর্য্য উৎপুলকিত হইয়া ললিতার নিকট বর্ণন করিব ॥ ৮৫ ॥

উদ্যানমধ্যে ছাদের উপরিস্থগৃহে আপনাকে চড়াইয়া গবাক্ষে আপনার নয়ন অর্পিত করাইব। আপনি কৃষ্ণকে গোদোহন করিতে দেখিয়া আনন্দসমুদ্রের মহা-উর্ম্মিতে মগ্ন হইবেন ॥ ৮৬ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

গত্বা মুকুন্দমথ ভোজিতশায়িতং তং
গোষ্ঠেশয়া তবদশাং নিভৃতং নিবেদ্য।
সঙ্কেতকুঞ্জমধিগত্য পুনঃ সমেত্য
ত্বাং জ্ঞাপয়ান্যয়িত হৃৎকলিকাকুলানি ॥ ৮৭ ॥

প্রদোষলীলা।

ত্বাং শুক্লকৃষ্ণরজনী-সরসাভিসার-
যোগ্যৈর্বিচিত্রবসনাভরণৈর্বিভূষ্য।
প্রাপয্য কল্পতরুকুঞ্জমনঙ্গসিন্ধৌ
কান্তেন তেন সহ তে কলয়ানি কেলীঃ ॥ ৮৮ ॥

অথ প্রার্থনা।

হে শ্রীতুলস্যুরুকৃপাত্যুতরঙ্গিণী ত্বং
যন্মূর্দ্ধ্নি মে চরণপঙ্কজমাদধাঃ স্বয়ং।

গোষ্ঠেশ্বরী কৃষ্ণকে ভোজন ও শয়ন করাইলে আমি নিভৃতে তাহার নিকট গিয়া আপনার দশা নিবেদন করিব এবং সঙ্কেত কুঞ্জ জ্ঞাত হইয়া প্রত্যাগমন পূর্ব্বক আপনার নিকট কৃষ্ণের উৎকণ্ঠা-সকল জ্ঞাপন করিব ॥ ৮৭ ॥

আপনাকে শুক্লকৃষ্ণরজনীর অভিসারযোগ্য বিচিত্র বসনাভরণ-দ্বারা বিভূষিত করিয়া কল্পতরুকুঞ্জে লইয়া গিয়া কৃষ্ণের সহিত অনঙ্গসিন্ধুগতকেলি করাইব ॥ ৮৮ ॥

হে তুলসি! হে উরুকৃপাত্যুতরঙ্গিণি! আপনি স্বীয় চরণপঙ্কজ আমার মস্তকে ধারণ করিয়াছেন। আমি আপনার

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

যচ্চাহমপ্যপিবমম্বু মনাক্ ত্বদীয়ং
তন্মে মনস্যুদয়মেতি মনোরথোঽয়ম্॥ ৮৯ ॥
ক্বাহং পরঃশতনিকৃত্যনুবিদ্ধচেতাঃ
সংকল্প এষ সহসা ক্ব সুদুর্ল্লভার্থে।
একা কৃপৈব তব মামজহত্ত্যুপাধি-
শূন্যৈবমস্তুগদধত্যগতের্গতির্মে ॥ ৯০ ॥
হে রঙ্গমঞ্জরি কুরুষ্ব ময়ি প্রসাদং
হে প্রেমমঞ্জরি কিরাত্র কৃপাদৃশং স্বাম্।
মামানয় স্বপদমেব বিলাসমঞ্জ-
র্য্যালীজনৈঃ সমমুরীকুরু দাস্যদানে ॥ ৯১ ॥

পদসংস্পৃষ্ট কিঞ্চিৎজল পান করিয়াছি। তাই এই মনোরথ আমার চিত্তে উদিত হইল ॥ ৮৯ ॥

শঠতাদিশতদোষে অনুবিদ্ধ চিত্ত আমিই বা কোথায়, এবং এরূপ দুর্লভ বিষয়ে সহসা সঙ্কল্পই বা কোথায়! এস্থলে অগতির গতিরূপ হে তুলসি! তুমিই আমার একমাত্র গতি। তোমার নিরুপাধি কৃপা আমার অপরাধ গ্রহণ না করিয়া আমাকে গ্রহণ করিয়াছেন ॥ ৯০ ॥

হে রঙ্গমঞ্জরি, আমাকে প্রসাদ বিতরণ করুন। হে প্রেমমঞ্জরি, আপনি আমার প্রতি কৃপা দৃষ্টি করুন। হে বিলাসমঞ্জরি! আমাকে আপনার চরণে আনিয়া দাস্য প্রদান দ্বারা অন্য সখীগণের সহিত অঙ্গীকার করুন ॥ ৯১ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

হে মঞ্জুলালি নিজনাথপদাব্জসেবা-
সাতত্যসম্পদতুলাসি ময়ি প্রসীদ।
তুভ্যং নমোঽস্তু গুণমঞ্জরি মাং দয়স্ব
মামুদ্ধরস্ব রসিকে রসমঞ্জরি ত্বম্॥ ৯২॥
হে ভানুমত্যনুপম-প্রণয়াব্ধি-মগ্না
স্বস্বামিনোস্ত্বমসি মাং পদবীং নয় স্বাম্।
প্রেমপ্রবাহপতিতাসি লবঙ্গমঞ্জ-
র্য্যাত্মীয়তামৃতময়ীং ময়ি ধেহি দৃষ্টিম্॥ ৯৩॥
হে রূপমঞ্জরি সদাসি নিকুঞ্জযূনোঃ
কেলীকলারসবিচিত্রিত-চিত্তবৃত্তিঃ।

হে মঞ্জুলালি! আপনি নিজনাথের পদাব্জসেবা সাতত্য সম্পদে নিরুপমা। আমার প্রতি প্রসন্ন হউন। হে গুণমঞ্জরি! আপনাকে নমস্কার করি, আমাকে দয়া করুন। হে সুরসিকে রসমঞ্জরি! আপনি আমাকে উদ্ধার করুন॥ ৯২॥

হে ভানুমতি! আপনি রাধাকৃষ্ণের অনুপম প্রণয়সমুদ্রে মগ্ন। আমাকে স্বীয়-পদবীতে গ্রহণ করুন। হে লবঙ্গমঞ্জরি! আপনি প্রেমপ্রবাহে পতিত; আত্মীয়তামৃতময়ী দৃষ্টি আমার উপর বিধান করুন॥ ৯৩॥

হে রূপমঞ্জরি! আপনি নিকুঞ্জযুবদ্বয়ের বিবিধ কেলিকলারসে চিত্রিতচিত্তবৃত্তি [illegible] আপনাতে [illegible] দৃষ্টি আমি যাহা সঙ্কল্প

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain. Digitizagtion by eGangotri

ত্বদ্দত্তদৃষ্টিরপি যৎ সমকল্পয়ং তৎ-
সিদ্ধৌ তবৈব করুণা প্রভুতামুপৈতু ॥ ৯৪ ॥

রাধাঙ্গশশ্বদুপগূহনতস্তদাপ্ত-
ধর্ম্মদ্বয়েন তনুচিত্তধৃতেন দেব।
গৌরো দয়ানিধিরভূরপি নন্দসূনো
তন্মেমনোরথলতাং সফলীকুরু ত্বম্ ॥ ৯৫ ॥

শ্রীরাধিকাগিরিভৃতৌ ললিতা-প্রসাদ-
লভ্যাবিতি ব্রজবনে মহতীং প্রসিদ্ধিম্।
শ্রুত্বাশ্রয়াণি ললিতে তবপাদপদ্মং
কারুণ্যরঞ্জিতদৃশং ময়ি হা নিধেহি ॥ ৯৬ ॥

করিয়াছি, তৎ সিদ্ধির জন্য আপনার করুণা প্রভুতা লাভ করুক ॥ ৯৪ ॥

হে নন্দনন্দন! শ্রীরাধার অঙ্গ সর্ব্বদা আলিঙ্গন করিতে করিতে তাঁহার ভাব ও দ্যুতিরূপ ধর্ম্মদ্বয় কর্ত্তৃক আপনি গৌররূপ ধারণ করিয়াছেন। আপনি দয়ানিধিরূপে উদয় হইয়াছেন। অতএব আমার মনোরথলতা সফল করুন ॥ ৯৫ ॥

এই ব্রজবনে ইহা বিশেষরূপে প্রসিদ্ধ যে, শ্রীরাধাগিরিধর কেবল ললিতাদেবীর প্রসাদলভ্য। এই কথা শুনিয়া, হে ললিতে! আপনার পাদপদ্ম আশ্রয় করিলাম। আপনার কারুণ্য-রঞ্জিত দৃষ্টি আমার উপর অর্পণ করুন ॥ ৯৬ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ত্বং নামরূপগুণশীল-বয়োভিরৈক্যাদ্-
রাধেব ভাসি সুদৃশাং সদসি প্রসিদ্ধা।
আগঃ শতান্যগণয়ন্ত্যুররীকুরুস্ব
তস্মাং বরাঙ্গি নিরুপাধি-কৃপে বিশাখে ॥৯৭॥

হে প্রেমসম্পদতুলা ব্রজনব্যযূনোঃ
প্রাণাধিক-প্রিয়সখ-প্রিয়নর্ম্মসখ্যঃ।
যুস্মাকমেব চরণাব্জরজোভিষেকং
সাক্ষাদবাপ্য সফলোঽস্তু মমৈব মূর্দ্ধা ॥ ৯৮ ॥

বৃন্দাবনীয়মুকুটব্রজলোকসেব্য
গোবর্দ্ধনাচলগুরো হরিদাসবর্য্য।
ত্বৎসন্নিধিস্থিতিজুষো মম হৃৎশিলাস্ব-
প্যেতা মনোরথলতাঃ সহসোদ্ভবন্তু ॥ ৯৯ ॥

হে বরাঙ্গি! নিরুপাধিকৃপে বিশাখে! আপনি নামরূপগুণ, শীল ও বয়সে ব্রজসুন্দরীদিগের নিকট শ্রীরাধার ন্যায় প্রকাশ পান—ইহা সর্ব্বদা প্রসিদ্ধ আছে। আমার শত—শত অপরাধ গণনা না করিয়া আমাকে স্বীকার করুন ॥ ৯৭ ॥

হে ব্রজের নব্যযুবদ্বয়ের প্রেমসম্পৎবিষয়ে অতুল প্রাণাধিক প্রিয়সখা ও প্রিয়নর্ম্মসখীগণ! আপনাদের চরণপদ্মের রজোভিষেক সাক্ষাৎ লাভ করিয়া আমার মস্তক সফল হউক ॥ ৯৮ ॥

বৃন্দাবনের মুকুটস্বরূপ সমস্ত ব্রজলোকের সেব্য হরিদাসশ্রেষ্ঠ পর্ব্বত গুরু গোবর্দ্ধন! আপনার নিকটবাসী যে আমি, আমার হৃৎশিলায় এই সকল মনোরথলতা সহসা সমৃদ্ধিযুক্ত হউক ॥ ৯৯ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain. Digitization by eGangotri

শ্রীরাধয়া সম তদীয় সরোবর ত্বৎ-
তীরে বসানি সময়ে চ ভজানি সংস্থাম্।
ত্বন্নীরপানজনিতা মমতর্ষবল্ল্যঃ
পাল্যাস্ত্বয়া কুসুমিতা ফলিতাশ্চ কার্য্যাঃ॥১০০॥

বৃন্দাবনীয়সুরপাদপ যোগপীঠ
যুষ্মিন্ বলাদিহ নিবাসয়সি স্বয়ং যৎ।
তন্মে ত্বদীয়তলতস্থুষ এব সর্ব্ব
সঙ্কল্পসিদ্ধিমপি সাধু কুরুস্ব শীঘ্রং॥ ১০১ ॥

বৃন্দাবনস্থিরচরান্ পরিপালয়িত্রি
বৃন্দে তয়ো রসিকয়ো রতিসৌভগেন।
আঢ্যাসি তৎ কুরু কৃপাং গণনা যথৈব
শ্রীরাধিকাপরিজনেষু মমাপি সিধ্যেৎ॥ ১০২ ॥

হে শ্রীরাধাকুণ্ড! আপনি শ্রীরাধিকার সমান তদীয় সরোবর, আপনার তীরে আমি বাস করি এবং শেষসংস্থা লাভ করি। আপনার জলপানজনিত আমার তৃষ্ণাবল্লীসকলকে আপনি কুসুমিত ও ফলিত করিয়া পালন করুন॥ ১০০ ॥

হে বৃন্দাবনীয় সুরপাদপগণ! হে যোগপীঠ! আপনারা বল-পূর্ব্বক আমাকে এস্থানে বাস করাইয়াছেন, অতএব আপনাদের তলবাসী ব্যক্তির সর্ব্বসঙ্কল্প সিদ্ধি সুন্দররূপে শীঘ্র করুন॥ ১০১ ॥

হে বৃন্দে! আপনি বৃন্দাবনের সমস্ত স্থিরচরগণের পালয়িত্রী। রসিক রাধাকৃষ্ণের রতিসৌভগে আঢ্যা। আপনি কৃপা করুন যেন শ্রীরাধিকার পরিজনমধ্যে আমার গণনাসিদ্ধি হয়॥ ১০২ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

বৃন্দাবনাবনিপতে জয় সোম-সোম-
মৌলে সনন্দন-সনাতন-নারদেড্য।
গোপেশ্বরব্রজবিলাসি-যুগাঙ্ঘ্রি পদ্মে
প্রীতিং প্রযচ্ছ নিতরাং নিরুপাধিকাং মে ॥১০৩

হিত্বান্যাঃ কিল বাসনা ভজ সখে বৃন্দাবনং প্রেমদং,
রাধাকৃষ্ণবিলাসবারিধিরসাস্বাদং পরং বিন্দসি।
তল্লব্ধুং যদি কামনা ঝটিতি তে চেতঃ সমুদ্বর্ত্ততে,
বিস্রব্ধঃ সততং সমাশ্রয় দৃঢ়ং সঙ্কল্পকল্পদ্রুমম্॥

ইতি শ্রীস্বরূপরূপরঘুনাথকৃষ্ণদাসনরোত্তম-চরণানু-
বর্ত্তি-রসিকেন্দ্রমুকুটমৌলি-শ্রীমদ্বিশ্বনাথ-
চক্রবর্ত্তি-কবিরাজ-বিরচিতঃ
শ্রীসঙ্কল্পকল্পদ্রুমঃ
সমাপ্তঃ।

হে বৃন্দাবনাবনিপতে! হে উমাপতি সোমমৌলে! হে সনন্দন-সনাতন-নারদ-পূজ্য! হে গোপেশ্বর! ব্রজবিলাসী রাধাকৃষ্ণের পাদপদ্মে নিরুপাধি প্রেম আমাকে প্রদান করুন॥ ১০৩॥

সখে! রাধাকৃষ্ণবিলাসবারিধিরসাস্বাদই তোমার প্রয়োজন। তাহা পাইতে যদি বাসনা কর, তবে অন্য বাসনা পরিত্যাগ করিয়া প্রেমদ বৃন্দাবনকে ভজন কর। আর যদি তোমার ঐ আস্বাদ শীঘ্র পাইবার বাসনা প্রবল হয় তাহা হইলে বিশ্বাসী হইয়া দৃঢ়ভাবে আমার এই সঙ্কল্পকল্পদ্রুমকে আশ্রয় কর॥১০৪॥

সমাপ্ত।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

आम्नाय—ग्रन्थालय,
रत्ननिधि, करौंदी
वाराणसी-5

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

Dr. Urmila Sharma Collection, Varanasi